# 36990 - অন্যের খরচে হজ্জ আদায় করা

প্রশ্ন

জনৈক নারী সৌদিতে এসেছেন এবং মেজবানের খরচে তার ফরয হজ্জ করার সুযোগ হয়েছে। তিনি জিজ্ঞেস করছেন যে, এই হজ্জটি কি ইসলামের ফরয হজ্জ হিসেবে আদায় হবে? প্রকৃত অবস্থা হচ্ছে তিনি তার হজ্জের জন্য নিজের সম্পদ থেকে কিছুই ব্যয় করেননি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

তিনি নিজের সম্পদ থেকে কিছুই খরচ করেননি কিংবা সামান্য কিছু খরচ করেছেন এবং অন্য ব্যক্তি তার হজ্জের খরচের বেশিরভাগ অংশ দিয়েছেন বিধায় এটি তার ফরয হজ্জের শুদ্ধতার ওপর কোন প্রভাব ফেলবে না। অতএব তার হজ্জ যদি শুদ্ধতার শর্তাবলী, রুকন ও ওয়াজিবগুলোসহ পরিপূর্ণভাবে আদায় হয়ে থাকে তাহলে এটি তার ওপর থেকে হজ্জের ফরযিয়তকে (আবশ্যকতাকে) মওকুফ করবে। যদিও অন্য ব্যক্তি তার হজ্জের খরচ বহন করে থাকুক না কেন।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।